রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, এপ্রিল ৮, ২০২৬**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৭ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ২৪ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৭ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং-২১/২০২৬

## শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়  খুলনা আইন  ২০২১ এর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে  শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়  খুলনা আইন ২০২১  ২০২১ সনের ০৬ নং আইন  এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—১  এই আইন শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা  সংশোধন  আইন  ২০২৬ নামে অভিহিত হইবে।

২  ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০২১ সনের ০৬ নং আইনের পূর্ণাঙ্গ শিরোনামএর সংশোধন ।**—শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়  খুলনা আইন  ২০২১  ২০২১ সনের ০৬ নং আইন   অত পর উক্ত আইন বলিয়া উল্লিখিত এর পূর্ণাঙ্গ শিরোনামে উল্লিখিত “শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়  খুলনা” শব্দগুলি ও কমার পরিবর্তে “খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। **২০২১ সনের ০৬ নং আইনের প্রস্তাবনার সংশোধন ।**—উক্ত আইনের প্রস্তাবনায় উল্লিখিত “শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়  খুলনা” শব্দগুলি ও কমার পরিবর্তে “খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।



**মূল্য :** টাকা ৪.০০

৪। **২০২১ সনের ০৬ নং আইনের ধারা ১ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১ এ উল্লিখিত "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা" শব্দগুলি ও কমার পরিবর্তে "খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। **২০২১ সনের ০৬ নং আইনের ধারা ২ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ২ এর দফা ২০ এ উল্লিখিত "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা" শব্দগুলি ও কমার পরিবর্তে "খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। **২০২১ সনের ০৬ নং আইনের ধারা ৪ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৪ এর—

ক উপ ধারা ১ এ উল্লিখিত "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা" শব্দগুলি ও কমার পরিবর্তে "খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে এবং

খ উপ ধারা ২ এ উল্লিখিত "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা" শব্দগুলি ও কমার পরিবর্তে "খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭। **২০২১ সনের ০৬ নং আইনের ধারা ২০ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ২০ এর উপ ধারা ১ এর দফা ঙ এ উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিব" শব্দগুলির পরিবর্তে "বাংলাদেশ" শব্দ প্রতিস্থাপিত হইবে।

৮। **২০২১ সনের ০৬ নং আইনের ধারা ২২ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ২২ এর উপ ধারা ১ এর দফা ঙ এ উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিব" শব্দগুলির পরিবর্তে "বাংলাদেশ" শব্দ প্রতিস্থাপিত হইবে।

৯। **২০২১ সনের ০৬ নং আইনের ধারা ৪৩ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৪৩ এর উপ ধারা ১ এ উল্লিখিত "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা" শব্দগুলি ও কমার পরিবর্তে "খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১০। **বিশেষ বিধান।**—এই আইন প্রবর্তনের সঙ্গে সঙ্গে উক্ত আইনের অধীন প্রণীত কোনো বিধি সংবিধি প্রবিধান অধ্যাদেশ বা অন্য কোনো আইনগত দলিল বা জারীকৃত কোনো বিশেষ বা সাধারণ আদেশ বিজ্ঞপ্তি প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে প্রসঙ্গের প্রয়োজন অন্যরূপ না হইলে উল্লিখিত "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা" শব্দগুলি ও কমার পরিবর্তে "খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১১। **রহিতকরণ ও হেফাজত।**—(১) শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা সংশোধন অধ্যাদেশ, ২০২৫ ( ২০২৫ সনের ১৩ নং অধ্যাদেশ এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশের অধীন কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

# উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

বর্তমানে দেশে ০৫ (পাঁচ) টি মেডিক্যাল বিশ্ববিদ্যালয় রয়েছে। উক্ত মেডিক্যাল বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা আইন, ২০২১" অনুযায়ী এ বিশ্ববিদ্যালয়ের নাম ব্যক্তি নামে নামকরণ করা হয়। জনগণের অর্থ দ্বারা পরিচালিত মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নাম বিশ্ববিদ্যালয়টি যে অঞ্চলে অবস্থিত সে অঞ্চলের নামানুসারে অথবা অন্য কোনো নামে নামকরণ করা সমীচীন বিবেচনায় সংশ্লিষ্ট মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হতে "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়" নামের পরিবর্তে "খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যাল" নামকরণের প্রস্তাব পাওয়া যায়। এ পরিপ্রেক্ষিতে "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা আইন, ২০২১" সংশোধনকল্পে "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা সংশোধন অধ্যাদেশ, ২০২৫" ২০২৫ সালের ১৩ নং অধ্যাদেশ) প্রণয়ন ও জারি করা হয়।

২। সংবিধানের ৯৩ অনুচ্ছেদের দফা (১) এর অধীন প্রণীত এবং জারীকৃত অধ্যাদেশ উক্ত অনুচ্ছেদের দফা (২) এর বিধান অনুযায়ী জারি হওয়ার পর অনুষ্ঠিতব্য সংসদের ১ম বৈঠকে উপস্থাপনের বাধ্যবাধকতা রয়েছে।

৩। "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা সংশোধন অধ্যাদেশ, ২০২৫" এর মাধ্যমে প্রণীত বিধানসমূহ অব্যাহত রাখা প্রয়োজন। উক্ত অধ্যাদেশকে একটি আইনে রূপান্তরের লক্ষ্যে "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা সংশোধন আইন, ২০২৬" শীর্ষক একটি বিলের খসড়া প্রস্তুত করা হয়। সচিবালয় নির্দেশমালা ২০২৪ এর ২২৮(১) বিধান অনুযায়ী খসড়া বিলের উপর অংশীজনগণের সমন্বয়ে সভা অনুষ্ঠিত হয়। জনমত যাচাইয়ের লক্ষ্যে খসড়া বিলটি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। প্রণীত খসড়া বিলের উপর কোনোরূপ ভিন্নমত পাওয়া যায়নি।

০৪। "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা আইন, ২০২১" এর বিভিন্ন ধারায় উল্লিখিত 'শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়' অভিব্যক্তির পরিবর্তে 'খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যাল' প্রতিস্থাপন করে প্রস্তাবিত আইনের খসড়া প্রণয়ন করা হয়েছে।

০৫। বর্ণিত অবস্থায় "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা সংশোধন অধ্যাদেশ, ২০২৫" আইনে পরিণত করার লক্ষ্যে "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা সংশোধন আইন, ২০২৬" শীর্ষক বিলটি জাতীয় সংসদে উত্থাপন করা হলো।

**সরদার মোঃ সাখাওয়াত হোসেন**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূইয়া**

সচিব

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd